

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৮৬৬(আগরতলা, ২৬।০২)

কুমারঘাট, ২৬ ফেব্রুয়ারি, ২০২০

**পৈঁচারখল ব্লকের উন্নয়ন কর্মসূচি নিয়ে পর্যালোচনা সভা**

**উন্নয়ন কর্মসূচির কাজ নির্দিষ্ট সময়ে শেষ করতে হবে : সমাজকল্যাণ মন্ত্রী**

রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মসূচি নিয়ে পৈঁচারখল ব্লকে গত ২৪ ফেব্রুয়ারি এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের মন্ত্রী সান্ত্বনা চাকমা সভায় কাজকর্মের অগ্রগতি নিয়ে পর্যালোচনা করেন। ব্লকের কনফারেন্স হলে আয়োজিত এই সভায় উপস্থিত ছিলেন পৈঁচারখল বি এ সি'র চেয়ারম্যান সজল চাকমা, কুমারঘাট বি এ সি'র চেয়ারম্যান তপনজয় রিয়াং, ঊনকোটি জেলার জেলাশাসক রবীন্দ্র রিয়াং, বি ডি ও শ্যামজয় জমাতিয়া, বিভিন্ন ভিলেজের চেয়ারম্যানগণ সহ বিভিন্ন দপ্তরের জেলা ও মহকুমা স্তরের আধিকারিকগণ। পর্যালোচনা সভায় ব্লক এলাকার পরিকাঠামো উন্নয়ন, যোগাযোগ, পানীয়জল, বিদ্যুৎ, স্বাস্থ্য, মৎস্য উৎপাদন বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়।

পর্যালোচনা সভায় আলোচনা করতে গিয়ে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী সান্ত্বনা চাকমা ব্লকের দূরবর্তী অঞ্চল যেখানে পানীয়জলের সমস্যা রয়েছে শুখা মরশুমে টেক্সারের মাধ্যমে সেখানে পানীয়জল পৌঁছে দিতে পানীয়জল ও স্বাস্থ্যবিধি দপ্তরের প্রতিনিধিদের নির্দেশ দেন। পাশাপাশি বৃষ্টির জল ধরে রাখতে টেক্স তৈরী করার উপরও তিনি গুরুত্বারোপ করেন। পানীয়জলের উৎস সৃষ্টির জন্যও মন্ত্রী নির্দেশ দেন। পানীয়জল ও স্বাস্থ্যবিধি দপ্তর থেকে জানানো হয়, অটল জনধারা মিশনে ব্লক এলাকায় এ পর্যন্ত ৫৭১টি পরিবারে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। জেলাশাসক রবীন্দ্র রিয়াং দূরবর্তী অঞ্চলগুলিতে পানীয়জলের উৎস তৈরী করতে এবং প্রয়োজনীয় স্থানে পানীয়জলের উৎসগুলি সংস্কার করতে নির্দেশ দেন। মন্ত্রী শ্রীমতি চাকমা বিদ্যুৎ সম্প্রসারণের বিষয়ে গুরুত্ব দিয়ে ব্লকের সমস্ত দূরবর্তী এলাকায় দ্রুততার সাথে বিদ্যুৎ পরিষেবা পৌঁছানোর উপর অগ্রাধিকার দিতে বলেন। বিদ্যুৎ নিগম থেকে দীনদয়াল উপাধ্যায় গ্রামীণ বিদ্যুৎ যোজনা সহ ব্লক এলাকায় এইচ টি এবং এল টি লাইন সম্প্রসারণ ও সংস্কারের বিষয়গুলির তথ্য তুলে ধরা হয়। পূর্ত দপ্তর থেকে সভায় জানানো হয় মাছমারাতে যাওয়ার ৮.৫ কিমি রাস্তা, মাছমারা থেকে কৃষ্ণটিলার রাস্তার সংস্কার, প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনায় মাছমারা থেকে শেরমুনটিলার রাস্তা সংস্কার ছাড়াও আরও কিছু রাস্তার সংস্কারের কাজ শেষ হয়েছে। সমাজকল্যাণ মন্ত্রী সান্ত্বনা চাকমা লক্ষণছড়া থেকে হলদিছড়া, বাগাইছড়া এবং নবীনছড়ার রাস্তা দ্রুত সংস্কারের জন্য পূর্ত দপ্তরকে প্রয়োজনীয় উদ্যোগ নিতে বলেন। এছাড়া তিনি প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনায় যে সকল রাস্তার সংস্কারের প্রয়োজন সেগুলির অগ্রাধিকারের ভিত্তিতে শুরু করতে বলেন। পর্যালোচনা সভায় পৈঁচারখল বিধানসভা কেন্দ্রের বিধায়ক এলাকা উন্নয়ন তহবিলের অর্থে গৃহীত কাজগুলির অগ্রগতির তথ্যও তুলে ধরা হয়। স্বাস্থ্য দপ্তর থেকে জানানো হয় পৈঁচারখল ব্লকে আয়ুস্মান ভারত প্রকল্পে রাষ্ট্রীয় স্বাস্থ্য বীমা যোজনায় ২৬,১২৫ জনকে ই-কার্ড দেওয়ার লক্ষ্যমাত্রা রয়েছে। ব্লকে এই যোজনায় ই-কার্ড দেওয়ার কাজ দ্রুতগতিতে এগিয়ে চলেছে। সমাজকল্যাণ মন্ত্রী শ্রীমতি চাকমা ব্লকে আই সি ডি এস প্রকল্পের কাজের নিয়মিত পর্যালোচনা করার উপর গুরুত্বারোপ করেন। সভায় সমাজকল্যাণ মন্ত্রী শ্রীমতি চাকমা বলেন, ব্লকে যে সমস্ত উন্নয়ন কর্মসূচির কাজ চলছে তা নির্দিষ্ট সময়ের মধ্যে এবং কাজের গুণগতমান বজায় রেখে শেষ করতে হবে।

\*\*\*\*\*